# 2024

## BENGALI

( Honours Elective )

Anandaram Dhekial Phookan College Library
Acc. No.
Date
Nagaon : Assam

Paper : BEN–HE–5026

( জীবনী সাহিত্য ও স্মৃতিকথা )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) বিবেকানন্দ কত বছর বয়সে গৃহত্যাগী হয়েছিলেন ?

(খ) বিবেকানন্দের কনিষ্ঠ ভ্রাতার নাম লেখো।

(গ) কত বছর বয়সে বিবেকানন্দ পিতৃহারা হন ?

(ঘ) স্বামীজির দেহত্যাগের পর জননী ও ভ্রাতাদের অভিভাবকের দায়িত্ব কে কাঁধে তুলে নিয়েছিলেন ?

(ঙ) 'ছেলেবেলা'য় লেখক (রবীন্দ্রনাথ) কোন্ পালোয়ানের কাছে কুস্তি শিখতেন ?

(চ) রবীন্দ্রনাথের 'ছেলেবেলা' গ্রন্থটির প্রকাশকাল কত ?

(ছ) 'ছেলেবেলা'য় পর্ব সংখ্যা কত?

(জ) 'বন্দেমাতরম্' পত্রিকা প্রকাশের ক্ষেত্রে কে অগ্রণী ভূমিকা পালন করেছিলেন?

(ঝ) মানিকতলা বাগানের জমির মালিক কে?

(ঞ) ফাঁসির হুকুম শুনে কোন্ বিপ্লবী হাসতে হাসতে জেলে ফিরে এসেছিলেন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) বিবেকানন্দের মাতা ভুবনেশ্বরী দেবী ১৯১১ সনে তীর্থযাত্রা শেষে কী রোগে আক্রান্ত হয়েছিলেন এবং কোন্ ডাক্তারের অধীনে তাঁর চিকিৎসা চলেছিল?

(খ) যোগীন্দ্রবালা কে? তাকে কে ইংরেজি শেখাতেন?

(গ) 'ছেলেবেলা' গ্রন্থে উল্লিখিত তখনকার দিনের জনপ্রিয় দুটি খেলার নাম উল্লেখ করো।

(ঘ) 'ছেলেবেলা' গ্রন্থে উল্লিখিত তখনকার দিনের বিখ্যাত দুজন ডাকাতের নাম লেখো।

(ঙ) 'নবশক্তি' পত্রিকাটি কার সম্পাদনায় কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়েছিল?

৩। নিম্নলিখিত যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) মিসেস সারা বুলকে লেখা চিঠিতে বিবেকানন্দ কী লিখেছিলেন?





(খ) মহা-বৈরাগ্যের অবস্থায় স্বামীজি মায়ের কাছে কী বলে ক্ষমা চেয়েছিলেন?

(গ) 'ছেলেবেলা' গ্রন্থে বর্ণিত রবীন্দ্রনাথের বিদ্যাচর্চা সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।

(ঘ) ঠাকুরবাড়িতে অনুষ্ঠিত যাত্রাগানের আসরের সংক্ষিপ্ত বিবরণ দাও।

(ঙ) টীকা লেখ : 'যুগান্তর পত্রিকা'

(চ) বিপ্লবী বারীন্দ্র ঘোষ সম্পর্কে যা জান লেখো।

Anandaram Dhekial Phookan College Library * Nagaon : Assam * Acc. No. Date

৪। (ক) ''যে সংসারে প্রতিমাসে হাজার টাকা খরচ হতো তা নামিয়ে আনলেন তিরিশ টাকায়।''—এই মন্তব্যের আলোকে ভুবনেশ্বরী দেবীর চারিত্রিক বৈশিষ্ট্য সবিস্তারে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'অচেনা অজানা বিবেকানন্দ' গ্রন্থ অবলম্বনে বিবেকানন্দের পারিবারিক ইতিহাস সম্পর্কে সবিস্তারে লেখো।

৫। (ক) 'আত্মজীবনী-আত্মকথা-স্মৃতিকথা'—এই তিনটি শব্দের পার্থক্য নিরূপণ করে 'ছেলেবেলা' কোন্ ধরনের রচনা তা নির্ধারণ করো। ১০

*অথবা*

(খ) 'ছেলেবেলা' গ্রন্থ অবলম্বনে সেকালের কলকাতা শহরের বর্ণনা দাও।

৬। (ক) ''আলিপুর বোমার মামলা নিয়ে বাংলা সাহিত্য জগতে অনেক স্মৃতিকথামূলক গ্রন্থ রচিত হয়েছে।'' 'নির্বাসিতের আত্মকথা' গ্রন্থ অনুসরণে বিষয়টি আলোচনা করো। ১০

*অথবা*

(খ) ''অরবিন্দবাবুর জন্য একটা কোণ নির্দিষ্ট ছিল। সমস্ত প্রাতঃকাল তিনি সেইখানে আপনার সাধন ভজনের মধ্যে ডুবিয়া থাকিতেন।''—'নির্বাসিতের আত্মকথা' অবলম্বনে অরবিন্দ ঘোষের চারিত্রিক বৈশিষ্ট্য লিপিবদ্ধ করো।

৭। (ক) 'ছেলেবেলা' গ্রন্থ অবলম্বনে ঠাকুরবাড়ির সাঙ্গীতিক পরিবেশ ও রবীন্দ্রনাথের সঙ্গীত শিক্ষা সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'নির্বাসিতের আত্মকথা' অবলম্বনে মানিকতলা বাগান সম্পর্কে সবিস্তারে আলোচনা করো।

★★★

Anandaram Dhekial Phookan College Library
Acc. No.
Date
* Nagaon : Assam *